আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ
ASHUGANJ POWER STATION COMPANY LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)
ISO 9001:2008, ISO: 14001:2004 & BS OHSAS 18001: 2007 Certified Management System.

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

স্মারক নং: ২৭.২৫.১২৩৩.২১১.৩৩.০০১.১৩.১৬৭

তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

# "দপ্তরাদেশ"

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ-এর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের [১.৪.১] সূচক 'ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত' লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। এপিএসসিএল-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক কলোনির বৈদ্যুতিক সংরক্ষণ কাজের জন্য কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে উপ-সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক), উপকেন্দ্র বিভাগ বরাবর সরাসরি/মোবাইল এসএমএস/কোম্পানির ওয়েবসাইটের ডিজিটাল সেবার লিংক থেকে অভিযোগ প্রাপ্তির পর মালামাল চাহিদাপত্র তৈরি করা, ভান্ডার থেকে মালামাল সংগ্রহ করা, গেট পাশ অনুমোদন করা, ওয়ার্কশপ বিভাগের সাথে যোগাযোগ করে গাড়ির ব্যবস্থা করা এবং মালামাল আবাসিক এলাকায় পরিবহণ করতে ৯ ধাপে সংরক্ষণ কাজ সম্পন্ন করে অভিযোগ নিষ্পত্তি করার প্রক্রিয়া চলমান আছে। ফলে সংরক্ষণ কাজ শুরু করতে প্রতিদিন ৩/৪ ঘন্টা সময় লেগে যায়।

২। এখন থেকে উপ-সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক), উপকেন্দ্র বিভাগ সংরক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় মালামাল চাহিদাপত্র তৈরি করা, ভান্ডার থেকে মালামাল সংগ্রহ করা, গেট পাশ অনুমোদন করার কাজ আগে থেকেই সম্পন্নকরে রাখবেন। কর্মকর্তা/কর্মচারীদের কাছ থেকে সরাসরি/মোবাইল এসএমএস/কোম্পানির ওয়েবসাইটের ডিজিটাল সেবার লিংক থেকে অভিযোগ পাওয়া মাত্র ওয়ার্কশপ বিভাগের সাথে যোগাযোগ করে গাড়ির ব্যবস্থা করা এবং মালামাল ও সংরক্ষণ কাজের জনবল দ্রুততম সময়ের মধ্যে আবাসিক এলাকায় প্রেরণপূর্বক সংরক্ষণ কাজ সম্পন্ন করতে হবে। এর ফলে উক্ত সার্ভিস এর সম্পন্নকাল (Execution Time) ৩/৪ ঘন্টার স্থলে ১ ঘন্টায় নেমে আসবে। পূর্ব অভিজ্ঞতার আলোকে সংরক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় মালামাল চাহিদাপত্র তৈরি করে ভান্ডার থেকে মালামাল সংগ্রহ পূর্বক গেট পাশ অনুমোদন করে রাখার ফলে প্রসেস এর তিনটি ধাপ কমে যাবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

সংযুক্ত: প্রসেস ম্যাপ।

নির্দেশক্রমে,


(মোহাম্মদ এনামুল হক)
ব্যবস্থাপক (এইচআরএম)

অনুলিপিঃ
০১। ব্যবস্থাপনা পরিচালক, এপিএসসিএল।
০২। নির্বাহী পরিচালক (প্রকৌশল / পি এন্ড ডি/ অর্থ), এপিএসসিএল।
০৩। প্রকল্প পরিচালক (প্রঃ প্রঃ) (..............................................................)/প্রধান প্রকৌশলী (প ও স), এপিএসসিএল।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক/পি এন্ড ডি/বৈদ্যুতিক/পরিচালন)/উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/কোম্পানী সচিব/প্রকল্প পরিচালক (২২৫ মেঃওঃ সিসিপিপি), এপিএসসিএল।
০৫। নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক (..........................................................................), এপিএসসিএল।
০৬। উপ-বিভাগীয় প্রকৌশলী/উপ-ব্যবস্থাপক (..........................................................................), এপিএসসিএল।
০৭। দপ্তর নথি।

CORPORATE OFFICE
Navana Rahim Ardent (Level-8)
185 Shahid Syed Nazrul Islam Sarani, Dhaka.
Phone : +880-02-9330915
Fax : +880-02-9330918
E-mail : apscl@apscl.com, apsclbd@yahoo.com

ASHUGANJ POWER STATION COMPANY LTD.
Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-8528 74004
Fax : +880-8528-74014, 74044
Web : www.apscl.com

# এপিএসসিএল আবাসিক এলাকায় বসবাসকারীদের বৈদ্যুতিক সমস্যা সম্পর্কিত অভিযোগ নিষ্পত্তিকরণ কাজের প্রসেস ম্যাপ




মোট সময়: ৪ ঘন্টা
সংশোধিত সময়: ১ ঘন্টা
পূর্বের ধাপ: ৯ টি
সংশোধিত প্রসেস ধাপ: ৬টি